

### ঘরের কথা ৩

কী জন্য এসেছ হে  
দরজা দেখ খোলা আছে  
ঘর দেখব ঘর দরকার  
আপনারটা খালি আছে  
শুনেছি তাই দেখতে এলাম  
বারান্দাটা বেশ পছন্দ  
বাথরুম আর রান্নাঘর তো বেজায় ভালো  
শুধু নয় ঘর দখিন-খোলা  
যা হোক পুবেই চালিয়ে নেব

তিথি না-মানা অতিথি তিনি ঘরে এলেন

সাথি হল একলা থাকি  
ভালই হল  
মনের কথা বলা যাবে  
ঘরটা ভাড়া দেওয়া হল  
নিঝুম দুপুর গভীর রাতে  
নতুন সাথি গল্প চলে  
বাতাস লাগে মন-মহলায়  
আদুল গায়ে পরাণ বেরোয়  
উষা দুপুর গহীন আঁধার  
গল্প চলে বাকুর কুটুম  
ভাল ভাল কাটতে লাগল  
সময়গুলো শান্ত সাগর  
হঠাৎ সেদিন দশটা বেলা  
সেই ভাড়াটে বেরিয়ে এলেন  
সবই তো ঠিক—

তবু যেন কিসের অভাব  
ঘরে আপনার বন্ধু মশাই  
থাকবো না আর বিদায় নিলাম

আচ্ছা তবে—আসি বন্ধু—ভাল থাকবেন

একলা ছিলাম ভালই আগে  
কেউ ছিল না তাও পারা যায়  
খালি ঘরের কথা খালি  
খালি মনের ইচ্ছে খালি  
ভয়ে থাকার সাধটা বাড়ে  
জোয়ার শেষে ভাঁটার মাঝে  
আবার যেন দূর সাগরের জলের জন্য—  
ঘরটা খালি পড়ে আছে  
পুরনো সেই আগের মতো

আবার একটা বদলি হাওয়া ধীরে ধীরে বইল যেন

চাঁদ উঠেছে দিঘির পড়ে  
এরই মাঝে কোন এক ফাঁকে  
মাঠের ধারে এই সে ঘরে  
চাঁদের আলো ঢুকছে নাকি

দেখে আসি আর কে এলেন  
শুয়ে আছে দরজা খোলা  
শরীরখানি হাওয়ায় কাঁপে পাতার ছোঁয়ায়  
এখন থেকে রাতের বেলা  
শুধুমাত্র রাতের বেলা  
থাকবে আমার এই ভাড়াটে  
এই কড়ারে ভাড়া দিলাম  
এখন থেকে ঘরে শুধু  
আমরা, আমরা—আমরা দুজন

### ঘরের কথা ৪

যে আলো নামছে ধীরে পশ্চিম পাহাড়ে  
আকাশের সিঁড়ি পার হয়ে  
হে পরমা বিকেলে নরম কিরণ  
এসো তুমি হাল্কা শাড়ি মুদু প্রসাধনে  
খুঁটে বেঁধে সকালের দীর্ঘ ছায়াগুলি  
দুপুরের অহংকার স্তিমিত যখন  
বিকেলের মত নোওয়া বুকুর উত্থান  
এসো তুমি ঈষৎ অশক্ত আলিঙ্গন  
আগুন আর অঙ্গার মুহূর্তগুলি ফেলে  
নিরালা ঘাসের বনে উড়ছে ফড়িং প্রজাপতি  
মজায় ডিগবাজি খায় শান্ত কৃকলাস  
আকাশের সিঁড়িকে এখানে নামাও  
লোকালয় থেকে অল্প দূর এই ঘাস ভরা মাঠ  
প্রাক্ গোধূলির কথা বিনিময় করি।

### ছায়াহীন

সূর্য উঠলেই গিয়ে নদীতটে উন্মুখ দাঁড়াই  
আমার প্রগাঢ় ছায়া নদীটির বুকে নেমে যায়  
নীল সাদা মাছগুলি ছায়াটির সাথে খেলা করে  
এরকম অবগাহন স্নানের আমেজ  
অরণ্যের নির্ভার চেতনাসিক্ত হই  
ঘুমে ঘুমে প্রশান্ত সাঁতার  
নদীর কোমল ছোঁয়াছুঁয়ি  
ছায়ার শরীরে ফোটে আনন্দের স্বেদ  
কিনারে দাঁড়ানো দেহ ভয়াতুর দেখে  
হঠাৎ হাঙর এসে গিলে খায় ছায়ার শরীর

এ শরীর ছায়াহীন হয়েছে সেদিন